ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন:+৮৮-০২৫৮৮৮-৬৬৭১৮, ফ্যাক্স-:+৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ৪২৪৭

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০২২ খ্রিঃ

# -ঃ অফিসাদেশ ঃ-

অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে প্যাথলজী পরীক্ষা (CBC, CPBF, Serum Ferritin, CRP, D-Dimer, Serum Calcium, T3, T4, TSH, Serum Protein) করানোর লক্ষ্যে কমিটি কর্তৃক সুপারিশকৃত নীতিমালা ও প্যাথলজিক্যাল বিভিন্ন পরীক্ষার হার (Rate) নিম্নরূপভাবে অনুমোদিত হলো ঃ

১। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)- এর ছাত্র/ছাত্রী এবং শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নিজে ও তাঁদের পরিবারবর্গের মধ্যে স্বামী/স্ত্রী, নির্ভরশীল সন্তান, পিতা-মাতা ও নির্ভরশীল ভাই-বোন রুয়েট মেডিক্যাল সেন্টার হতে প্যাথলজী পরীক্ষা (CBC, CPBF, Serum Ferritin, CRP, D-Dimer, Serum Calcium, $T_3$, $T_4$, TSH, Serum Protein) করানোর সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।

২। কোন অবস্থাতেই মেডিক্যাল সেন্টারের চিকিৎসকগণ কর্তৃক নির্ধারিত প্যাথলজী পরীক্ষা বর্হিভূত কোন পরীক্ষা মেডিক্যাল সেন্টারে করা যাবে না।

৩। অত্র বিশ্ববিদ্যালয়ের বাইরের কোন চিকিৎসক কোন প্যাথলজীক্যাল পরীক্ষা করানোর সুপারিশ করলে তা পরীক্ষা করানোর জন্য অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত যে কোন চিকিৎসকের সুপারিশ অবশ্যই প্রয়োজন হবে।

৪। অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে কোন প্যাথলজী পরীক্ষা করাতে হলে কর্তব্যরত চিকিৎসকের পরামর্শক্রমে রিসিপশনে কর্তব্যরত ব্যক্তির নিকট নির্ধারিত রশিদ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে রশিদের তিনটি অংশ থাকবে। প্রথম অংশ বই-এর সাথে থাকবে যা রশিদ প্রদানকারী কর্মচারী সংরক্ষণ করবেন। দ্বিতীয় অংশ প্যাথলজী পরীক্ষা কাজে নিয়োজিত ব্যক্তি সংরক্ষণ করবেন এবং তৃতীয় অংশ যে ব্যক্তি পরীক্ষা করাবেন তিনি পাবেন। প্যাথলজী পরীক্ষা কাজে নিয়োজিত ব্যক্তি রশিদের অংশ গ্রহণ ও সংরক্ষণ করে নমুনা সংগ্রহ (Sample Collection) করবেন।

৫। প্যাথলজিক্যাল বিভিন্ন পরীক্ষার জন্য মেডিক্যাল সেন্টার নগদ ভাউচারের (Cash Receipt) মাধ্যমে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে টাকা গ্রহণ করবে এবং প্রতি সপ্তাহের শেষে অত্র বিশ্ববিদ্যালয়ের সঞ্চয়ী ব্যাংক হিসাব নম্বর- ২৩৮৯, রূপালী ব্যাংক লিমিটেড, রুয়েট শাখায় জমা করে হিসাব বিবরণী চীফ মেডিক্যাল অফিসার কম্পট্রোলার দপ্তরকে অবহিত করবেন।

৬। মেডিক্যাল সেন্টারের প্যাথলজিক্যাল পরীক্ষার আয়-ব্যয় এর হিসাব দায়িত্বপ্রাপ্ত মেডিক্যাল অফিসার সংরক্ষণ করবেন এবং এ কাজে মেডিক্যাল অফিসারগণের (চীফ মেডিক্যাল অফিসার ব্যতীত) মধ্য হতে একজন পর্যায়ক্রমে এক বছর মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন।

৭। প্যাথলজিক্যাল পরীক্ষার সমস্ত ব্যয় (যন্ত্রপাতি, রিয়েজেন্ট ইত্যাদি) অত্র বিশ্ববিদ্যালয় বহণ করবে। কেমিক্যাল ও আনুষঙ্গিক জিনিসপত্র ক্রয়ের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান ক্রয় নীতিমালা অনুসরন করতে হবে।

৮। প্যাথলজিক্যাল পরীক্ষার ল্যাব ব্যবহারের সাধারণ সময়সূচীঃ নমুনা সংগ্রহ প্রতিদিন সকাল - ০৯.০০ টা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।

সাপ্তাহিক ছুটি ও সরকারী/বিশ্ববিদ্যালয় ছুটির দিন প্যাথলজিক্যাল পরীক্ষা বন্ধ থাকবে।

নমুনা পরীক্ষার হার ঃ

<table>
<tr><th rowspan="2">Sl. No.</th><th rowspan="2">Name of Test</th><th colspan="4">Price (Tk)</th></tr>
<tr><th colspan="2">Student</th><th colspan="2">Employee</th></tr>
<tr><td>1</td><td>CBC</td><td colspan="2">50</td><td colspan="2">100</td></tr>
<tr><td>2</td><td>CPBF + CBC</td><td colspan="2">60</td><td colspan="2">120</td></tr>
<tr><td>3</td><td>Serum Ferritin</td><td colspan="2">150</td><td colspan="2">300</td></tr>
<tr><td>4</td><td>CRP</td><td colspan="2">100</td><td colspan="2">180</td></tr>
<tr><td>5</td><td>D-Dimer Test</td><td colspan="2">250</td><td colspan="2">400</td></tr>
<tr><td>6</td><td>Serum Calcium</td><td colspan="2">50</td><td colspan="2">100</td></tr>
<tr><td>7</td><td>$T_3$</td><td>200</td><td rowspan="3">500 (Combined)</td><td>350</td><td rowspan="3">900 (Combined)</td></tr>
<tr><td>8</td><td>$T_4$</td><td>200</td><td>350</td></tr>
<tr><td>9</td><td>TSH</td><td>200</td><td>350</td></tr>
<tr><td>10</td><td>Serum Protein</td><td colspan="2">40</td><td colspan="2">80</td></tr>
</table>

গত ১৬/০৫/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট -এর ৯৬ তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং-৩(ট) মোতাবেক অত্র অফিসাদেশ জারী করা হলো।

আদেশক্রমে,

(প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন)
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-৪২৪৭/৫০

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঃ
০৪ জুন, ২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

১। অনুষদের ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
২। ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। সকল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৭। সংস্থাপন শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
৮। অর্থ ও হিসাব শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
৯। অডিট সেল, অত্র বিশ্ববিদ্যালয়।
১০। নথি।

আপনার নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীকে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

ডেপুটি রেজিষ্ট্রার
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।